

২। প্রতিবাদী/রেসপনডেন্টপক্ষ : বর্তমান ঠিকানা: কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, রাজস্ব ভবন (৮ম তলা), প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
 পূর্বতন ঠিকানা: কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, দ্বিতীয় ১২ তলা সরকারী অফিস ভবন (৬ষ্ঠ তলা), সেগুনবাগিচা, ঢাকা।

৩। আপীলকারী/আবেদনকারীর প্রতিনিধি : উপস্থিত।

৪। প্রতিবাদী/রেসপনডেন্টের প্রতিনিধি : উপস্থিত।

৫। মামলার শুনানী গ্রহণের তারিখ : ২৬-১০-২০২২ খ্রিস্টাব্দ।

৬। মামলার রায় প্রদানের তারিখ : ২০২৩ খ্রিস্টাব্দ।
 ১৪২৯ বঙ্গাব্দ।

৭। তর্কিত আদেশ নং, তারিখ এবং আদেশ প্রদানকারীর বর্ণনা : কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা কর্তৃক ০৩-১১-২০২১ তারিখে প্রদত্ত আদেশ নথি নং-০৮.০১.০০০০.০১৬.০৩২.০১৮.২০২১/২৬২৭।

৮। বিবেচনাধীন উপস্থাপিত নথিপত্র :

মামলার সংক্ষিপ্ত বিবরণ

কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা কর্তৃক ৩-১১-২০২১ তারিখে প্রদত্ত আদেশ নথি নং-০৮.০১.০০০০.০১৬.০৩২.০১৮.২০২১/২৬২৭ দ্বারা সংশ্লিষ্ট হয়ে আপিলকারীপ সিঙ্গার বাংলাদেশ লিমিটেড, ৩৯, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ আপিলাত ট্রাইব্যুনালে আলোচ্য আপিলটি দায়ের করেন।

২. সিঙ্গার বাংলাদেশ লিমিটেড কর্তৃক ১৩-৬-২০২১ খ্রিঃ তারিখে দাখিলকৃত ৩টি মডেলের (SLE32E3A-HDTV, SLE32E3AWSTV, SLE40E3AFHTV) টেলিভিশনের উপকরণ-উৎপাদ সহগ ঘোষণায় (মুসক-৪.৩) মূল্য সংযোজনের পরিমাণ ও হার কম হওয়ার বিষয়ে ভ্যাট দপ্তর কর্তৃক পত্রের মাধ্যমে শুনানীতে আহ্বান করেন। বিগত ১৬-৮-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত শুনানীতে আপীলকারী প্রতিষ্ঠান প্রতিনিধি উপস্থিত হয়ে লিখিত ব্যাখ্যা প্রদান করেন। আপীলকারী প্রতিষ্ঠান প্রতিনিধির শুনানীতে প্রদত্ত বক্তব্য, লিখিত জবাব এবং ভ্যাট দপ্তরের শুনানীতে উপস্থিত কর্মকর্তাবৃন্দের প্রদত্ত বক্তব্য বিশদ পর্যালোচনা করে সিঙ্গার বাংলাদেশ লিঃ এর উৎপাদন পর্যায়ে মূল্য সংযোজনের পরিমাণের তুলনায় খুচরা পর্যায়ে অস্বাভাবিক বেশি মূল্য সংযোজনের কারণ কোন যৌক্তিক প্রমাণকের মাধ্যমে

আপীলকারী প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত করতে পারেননি। এ কারণে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (ন্যায্য বাজার মূল্য) বিধিমালা, ২০১৯ এর বিধি ৫ এর অবরোহী-আরোহী পদ্ধতি অনুযায়ী প্রাপ্ত মূল্য সংযোজন ভ্যাট দপ্তরে দাখিলকৃত উপকরণ-উৎপাদ সহগ ঘোষণা (মুসক-৪.৩) তে অন্তর্ভুক্ত করে শুনানী পরবর্তী দাখিলকৃত ৩টি মডেলের টেলিভিশনের সংশোধিত উপকরণ-উৎপাদ সহগ ঘোষণা (মুসক-৪.৩) দাখিলের জন্য আপীলকারী প্রতিষ্ঠান বরাবর পত্র প্রেরণ করেন। আপীলকারী প্রতিষ্ঠান ভ্যাট দপ্তরকে লিখিতভাবে জানিয়েছেন যে, নির্ধারিত ন্যায্য বাজার মূল্যটি আপনাদের সর্বশেষ ভোজা কর্তৃক প্রদেয় মূল্য এবং সিঙ্গার বাংলাদেশ লিঃ এর বিন ০০১৯১৬৫০৪-০২০২ এর মাধ্যমে প্রদত্ত সর্বশেষ সরবরাহ মূল্য। কিন্তু প্রকৃতপক্ষে ভ্যাট দপ্তর কর্তৃক নির্ধারিত ন্যায্য বাজার মূল্য অনুযায়ী ভ্যাট দপ্তরে সিঙ্গার বাংলাদেশ লিঃ এর বিন ০০০০০০৭৮৭-০০০০৪ এর মাধ্যমে ৩টি মডেলের টেলিভিশনের সরবরাহ ও বাজারজাত এবং উক্ত পণ্যের সংশোধিত উপকরণ-উৎপাদ সহগ (মুসক-৪.৩) দাখিল করতে হবে যা আপীলকারীকে পত্রের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়েছে। কিন্তু আপীলকারী প্রতিষ্ঠান উক্ত নির্দেশনা পরিপালন করেনি। বিগত ০৭-৬-২০২১ খ্রিঃ এবং ২৩-৮-২০২১ খ্রিঃ তারিখে সিঙ্গার বাংলাদেশ লিঃ এর ব্যবসায়িক কার্যক্রম মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক

আইন, ২০১২ ও তদাধীন প্রণীত বিধি-বিধান অনুযায়ী পরিচালনাকরণ বিষয়ে ভ্যাট দপ্তরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বৃহৎ করদাতা ইউনিট, মুসক এর আওতায় আপনার প্রতিষ্ঠানের মুসক সংক্রান্ত সকল কার্যক্রম পরিচালনার জন্য মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও তদাধীন প্রণীত বিধি-বিধান অনুযায়ী পরিচালনাকরণ বিষয়ে Flow Chart সহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করে গত ১৩-১০-২০২১ খ্রিঃ তারিখে ভ্যাট দপ্তর হতে পত্র প্রেরণ করা হয়। কিন্তু আপীলকারী প্রতিষ্ঠান হতে ব্যবসায় পরিচালনা সংক্রান্ত বিষয়ের গৃহীত কার্যক্রম ভ্যাট দপ্তরকে অবগত করা হয় নাই যা অনাকাঙ্ক্ষিত ও অনভিপ্রেত এবং আপনার প্রতিষ্ঠানের মতো বহুজাতিক কোম্পানির নিকট হতে কাম্য নয়। এমতাবস্থায়, বিগত ১৩-৬-২০২১ খ্রিঃ তারিখে দাখিলকৃত ৩টি মডেলের (SLE32E3AHDTV, SLE32E3AWSTV, SLE40E3-AFHTV) টেলিভিশনের উপকরণ-উৎপাদ সহগ ঘোষণা (মূসক-৪.৩) ভ্যাট দপ্তর কর্তৃক গ্রহণ করা হল না। আপীলকারী প্রতিষ্ঠানের ব্যবসায়িক কর্মকাণ্ড পত্র অনুযায়ী পরিচালনা করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক আইনানুগভাবে গ্রহণযোগ্য উপকরণ-উৎপাদ সহগ ঘোষণা (মূসক-৪.৩) দাখিল করার জন্য বলা হয়। একইসাথে নির্দেশনা অনুযায়ী মূসক-৪.৩ দাখিল না করা পর্যন্ত আপীলকারী প্রতিষ্ঠানকে উক্ত ৩টি পণ্য বাজারজাত না করার জন্য নির্দেশনা প্রদান করেন। এর ব্যত্যয় হলে পরবর্তী আইনানুগ কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে আদেশ প্রদান করেন, উক্ত আদেশ দ্বারা সংক্ষুব্ধ হয়ে আপীলকারী প্রতিষ্ঠান আপীলাত ট্রাইব্যুনালে এ আপিলটি দায়ের করেন।

বিচার্য বিষয়

১। কমিশনার কর্তৃক প্রদত্ত তর্কিত বিচারাদেশ আইন ও বিধি সংগত হয়েছে কিনা?

২। আপীলকারীপ প্রার্থনা মোতাবেক প্রতিকার পেতে পারেন কিনা?

আলোচনা

বিচার্য বিষয় নং ১ ও ২ :

৩. আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের সুবিধার্থে এ আপিলের বিচার্য বিষয় নং ১ ও ২ একত্রে আলোচনায় নেয়া হয়। আপীলকারী পক্ষের আপিল আবেদন, উভয় পক্ষের

বক্তব্য ও দাখিলকৃত দফাওয়ারী জবাব, নথিতে রক্ষিত সকল কাগজপত্র এবং কমিশনার কর্তৃক প্রদত্ত তর্কিত বিচারাদেশ পর্যালোচনা করা হয়।

আপীলকারী পক্ষের বক্তব্য

৪. শুনানীকালে আপীলকারী পক্ষ উপস্থিত। আপীলকারীপক্ষ তাঁদের মেমো অব আপিলে উল্লেখ করেন যে, যেহেতু আপীলকারী প্রতিষ্ঠানের ফ্যাক্টরীর আলাদা মূসক নিবন্ধন রয়েছে এবং আপীলকারী কর্তৃক ১৩-৬-২০২১ খ্রিস্টাব্দের দাখিলকৃত উপকরণ-উৎপাদ সহগ (মূসক-৪.৩) এ উল্লেখিত সংযোজনের হার final and conclusive নয় এবং রিটেইল পর্যায়ে উক্ত মূল্যের সহিত বিজ্ঞাপন, পণ্য পরিবহন, অফিস ও বিক্রয় কেন্দ্রসহ অন্যান্য স্থাপনার ভাড়া, বেতন ভাতা, ভ্রমণ, রিপেয়ার এণ্ড মেইনটেন্যান্স, ফুয়েল এণ্ড কার মেইনটেনেন্সসহ যাবতীয় ব্যয় সংযোজন পূর্বক খুচরা মূল্য নির্ধারণ করা হয় এবং জাতীয় রাজস্ব বোর্ডের কোনরূপ মূসক আদায় হানি ঘটে না, কিন্তু কমিশনার মহোদয় উক্ত বিষয়টি বিবেচনায় না নিয়ে ১৯-৮-২০২১ খ্রিস্টাব্দের আদেশ দ্বারা আপীলকারীকে সংশোধিত উপকরণ উৎপাদ সহগ (মূসক- ৪.৩) ঘোষণার নির্দেশ প্রদান করেছেন এবং ৩-১১-২০২১ খ্রিস্টাব্দের তর্কিত আদেশের মাধ্যমে ১৯-৮-২০২১ খ্রিস্টাব্দের তারিখের পত্রের নির্দেশনা অনুযায়ী সংশোধিত উপকরণ উৎপাদ সহগ ঘোষণা (মূসক- ৪.৩) দাখিল না করলে পণ্য বাজারজাত না করার নির্দেশ দিয়েছেন, যা বাতিলযোগ্য বটে।

৫. যেহেতু আপীলকারী প্রতিষ্ঠান উৎপাদন/ফ্যাক্টরী পর্যায়ে এবং খুচরা পর্যায়ে যে পরিমাণ মূল্য সংযোজন পূর্বক উপকরণ-উৎপাদ সহগ (মূসক-৪.৩) দাখিল করেন, যা অত্র আপীল মেমোর ১১নং দফায় উল্লেখ আছে, উক্ত সংযোজনের হার কমিশনার কর্তৃক তর্কিত আদেশে বর্ণিত সংযোজনের হারের সমান; কিন্তু বিজ্ঞ কমিশনার মহোদয় উক্ত বিষয়টি এবং আপীলকারীর মূল্য সংযোজনের ক্ষেত্র বিবেচনায় না নিয়ে একতরফাভাবে তর্কিত আদেশে আলোচ্য ৩টি পণ্যের ক্ষেত্রে সংশোধিত উপকরণ-উৎপাদ সহগ ঘোষণা (মূসক- ৪.৩) দাখিলের নির্দেশনা প্রদান করেছেন, অন্যথায় আলোচ্য পণ্যসমূহের বাজারজাতকরণের উপর নিষেধাজ্ঞা প্রদান পূর্বক আদেশ প্রদান করেছেন, যা বাতিলযোগ্য বটে।

৬. যেহেতু আপীলকারী কাঁচামাল ক্রয়, উৎপাদন এবং খুচরা বিক্রয়-৩ পর্যায়েই ১৫% হারে মূসক প্রদান করে এবং

বিভিন্ন মূসক অধিক্ষেত্রে উক্ত মূসক প্রদান করা হয়, কমিশনার মহোদয় উক্ত বিষয়টি বিবেচনায় না নিয়ে শুধুমাত্র আপীলকারীর ফ্যাক্টরী থেকে উৎপাদিত পণ্যের উপকরণ-উৎপাদ সহগ (মূসক-৪.৩) বিশ্লেষণপূর্বক সংশোধিত উপকরণ-উৎপাদ সহগ (মূসক-৪.৩) দাখিলের নির্দেশনা দিয়েছেন, যা বাতিলযোগ্য।

৭. যেহেতু মূল্য সংযোজন কর ও সম্পূরক গুন্ধ (ন্যায্য বাজার মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০১৯ এর বিধি-৩(২) এর বিধান মতে বিধি ৪ হতে ৮ পর্যন্ত বিধিসমূহ ধারাবাহিকভাবে অনুসরণের বিধান প্রদত্ত হয়েছে; কিন্তু কমিশনার মহোদয় বিধি-৪ প্রয়োগ না করে বিধি-৫ প্রয়োগক্রমে বাজার মূল্য নির্ধারণের প্রয়াস পেয়েছেন এবং তাঁর তর্কিত আদেশে আপীলকারীর প্রদত্ত উপকরণ-উৎপাদ সহগ (মূসক-৪.৩) গ্রহণ না করে ১৯-৮-২০২১ খ্রিস্টাব্দের পত্রের নির্দেশনা অনুযায়ী সংশোধিত মূসক- ৪.৩ দাখিলের আদেশ দিয়েছেন, যা বাতিলযোগ্য বটে।

৮. যেহেতু কমিশনার মহোদয় মূল্য সংযোজন কর ও সম্পূরক গুন্ধ (ন্যায্য বাজার মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০১৯ এর বিধি-৪ অনুসরণক্রমে কোনরূপ কমিটি গঠন না করে এবং একই পর্যায়ে অন্যান্য প্রতিষ্ঠান কি পরিমাণ সংযোজন পূর্বক উপকরণ-উৎপাদ সহগ (মূসক-৪.৩) দাখিল করে, সে বিষয়ে কোনরূপ যাচাই বাছাই না করে তাঁর তর্কিত আদেশে সংশোধিত উপকরণ-উৎপাদ সহগ ঘোষণা (মূসক-৪.৩) মোতাবেক নতুন করে মূসক- ৪.৩ দাখিলের নির্দেশ প্রদান করেছেন, যা বাতিলযোগ্য বটে।

৯. যেহেতু কমিশনার মহোদয় তাঁর প্রদত্ত আদেশে কি কারণে মূল্য সংযোজন কর ও সম্পূরক গুন্ধ (ন্যায্য বাজার মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০১৯ এর বিধি-৪ ব্যতিরেকে বিধি ৫ প্রয়োগ করেছেন তার কোন সুস্পষ্ট ব্যাখ্যা প্রদান করেননি এবং ক্রমানুসারিক বিধিসমূহ প্রয়োগ করেননি, সেহেতু তর্কিত আদেশটি বাতিলযোগ্য।

১০. যেহেতু আপীলকারী প্রতিষ্ঠানের দুইটি আলাদা মূসক নিবন্ধন রয়েছে; একটি ফ্যাক্টরী পর্যায়ে এবং অপরটি রিটেইল পর্যায়ে এবং উক্ত দুইটি পর্যায় থেকে একটি পণ্যের বিপরীতে কি পরিমাণ মূসক আদায় করা হচ্ছে, তার উপর ভিত্তি করে সংযোজনের হার নির্ধারণ না করেই শুধুমাত্র ফ্যাক্টরী পর্যায়ে দাখিলকৃত উপকরণ-উৎপাদ সহগ (মূসক- ৪.৩) বিশ্লেষণ পূর্বক কোনরূপ ব্যাক ক্যালকুলেশন না করেই তাঁর তর্কিত আদেশ দ্বারা উপকরণ-উৎপাদ সহগ (মূসক-

৪.৩) সংশোধনের আদেশ প্রদান করেছেন, যা বাতিলযোগ্য বটে।

১১. যেহেতু বাংলাদেশ সুপ্রীম কোর্টের মহামান্য আপীল বিভাগ BOC Bangladesh Limited vs National Board of Revenue and others 67 DLR (AD) Page-372 এ প্রকাশিত হয়েছে, উক্ত মামলায় মহামান্য আপীল বিভাগ নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেছেন-
“The Commissioner may fix the price as per recommendation of base value Review Committee constituted by the Board. The VAT authority cannot fix the base value according to its sweet will and it is only the manufacturer who can fix the actual price. If the price declared by the applicant is supported by the documents and as per law, the VAT authority without verifying the market and conducting any investigation still cannot fix the price.”
কিন্তু বর্তমান ক্ষেত্রে উক্তরূপ কোন কমিটি গঠন ব্যতিরেকে এবং উক্ত বিষয়ে বোর্ডের কোন নির্দেশনা ছাড়াই কমিশনার মহোদয় তাঁর প্রদত্ত আদেশে আপীলকারীর ঘোষিত উপকরণ-উৎপাদ সহগ অগ্রাহ্যক্রমে অবরোহী-আরোহী পদ্ধতি প্রয়োগক্রমে আপীলকারীর ঘোষিত মূসক-৪.৩ বাতিলক্রমে ১৯-৮-২০২১ খ্রিস্টাব্দের পত্রের নির্দেশনা অনুযায়ী সংশোধিত মূসক-৪.৩ দাখিলের নির্দেশ প্রদান করেন, যা বাতিলযোগ্য বটে।

১২. যেহেতু আলোচ্য আপীলকারী প্রতিষ্ঠানের ফ্যাক্টরীতে উৎপাদিত পণ্যের বিপরীতে দাখিলকৃত উপকরণ-উৎপাদ সহগ (মূসক-৪.৩) এর মূল্যই চূড়ান্ত মূসক নয়, কারণ ফ্যাক্টরীতে সংযোজনের পর উহা আপীলকারী প্রতিষ্ঠানের খুচরা বিক্রয় নেটওয়ার্কে বিক্রির উদ্দেশে ওয়্যারহাউজে প্রেরণ করা হয় এবং মূল্য ঘোষণার ভিত্তিতে বিভাগীয় দপ্তরের অনুমোদন স্বাপেক্ষে খুচরা পর্যায়ে পণ্য বিক্রয় করা হয়। তর্কিত মডেলগুলোর খুচরা পর্যায়ে মূল্য ঘোষণা, ফ্যাক্টরীতে ঘোষিত মূল্যের আলোকে মতিঝিল বিভাগীয় দপ্তরে দাখিল করা হয় এবং মতিঝিল বিভাগ ঘোষিত মূল্য গ্রহণ করেন। এক্ষেত্রে আপীলকারী কর্তৃক মূসক পরিহারের কোন সুযোগ নেই, কারণ খুচরা মূল্যের আলোকে মোট মূসকের একটি অংশ মতিঝিল বিভাগ এবং বাকী অংশ বৃহৎ করদাতা ইউনিটে প্রদান করা হয়। কিন্তু কমিশনার মহোদয় উক্ত বিষয়গুলো বিবেচনায় না নিয়ে তাঁর

তর্কিত আদেশে তাঁর ইচ্ছা মাফিক সংশোধিত উপকরণ-উৎপাদ সহগ (মূসক-৪.৩) অনুযায়ী মূল্য সংযোজনের আদেশ প্রদান করেছেন, যা বাতিলযোগ্য বটে।

১৩. যেহেতু একই বিষয়ে কমিশনার মহোদয়ের প্রদত্ত আদেশের বিরুদ্ধে আপীলকারী প্রতিষ্ঠান পূর্বে বিজ্ঞ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুনালে একটি আপীল মামলা দায়ের করেন (সিইভিটি/কেইস (ভ্যাট)-১০৭/২০১৪) এবং বিজ্ঞ ট্রাইবুনাল উক্ত মামলাটি মঞ্জুরক্রমে সংশোধনের আদেশ বাতিল করেন, সেহেতু একই বিষয়ে কমিশনার মহোদয় কর্তৃক প্রদত্ত বর্তমান তর্কিত আদেশটি বাতিলযোগ্য বটে।

১৪. যেহেতু কমিশনার মহোদয় বিগত ১৯-৮-২০২১ খ্রিস্টাব্দের আদেশ প্রদানকালে ওয়ালটন হাইটেক ইন্ডাস্ট্রিজ লিমিটেড কর্তৃক উৎপাদিত ৩২" এবং ৩৯" টেলিভিশনের উপকরণ মূল্য এবং সংযোজনের হার বিবেচনায় নিয়ে আপীলকারী প্রতিষ্ঠানের উৎপাদিত ৩টি মডেলের টেলিভিশনের মূল্য সংযোজনের হার সংশোধনের নির্দেশ প্রদান করেছেন, কিন্তু এক্ষেত্রে বিজ্ঞ কমিশনার একটি বিষয়ে বিবেচনায় নেননি, যেটি হলো প্রত্যেকটি কোম্পানীর উৎপাদিত পণ্যের মান এবং উৎপাদনের সাথে সংশ্লিষ্ট সংযোজনের পরিমাণ কখনোই এক এবং অভিন্ন হতে পারে না; কিন্তু উক্ত বিষয়ে কোনরূপ ব্যাখ্যা প্রদান না করেই কমিশনার মহোদয় ইচ্ছা মাফিক মূল্য সংযোজন প্রস্তাব করেছেন এবং পরবর্তীতে ৩-১১-২০২১ খ্রিস্টাব্দের তর্কিত আদেশে ১৯-৮-২০২১ খ্রিস্টাব্দের পত্রের নির্দেশনা অনুযায়ী মূসক-৪.৩ দাখিল না করলে উক্ত ৩টি মডেলের টেলিভিশন বাজারজাত না করার আদেশ প্রদান করেছেন, যা বাতিলযোগ্য বটে।

১৫. যেহেতু কমিশনার মহোদয় কর্তৃক জারীকৃত ৩-১১-২০২১ খ্রিস্টাব্দের তর্কিত আদেশটি মূল্য সংযোজন কর ও সম্পূরক গুচ্ছ আইন, ২০১২ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক গুচ্ছ বিধিমালা, ২০১৬ এর পরিপন্থি। কারণ, উক্ত আইন ও বিধিমালায় কমিশনারের আদেশ মোতাবেক সংশোধিত উপকরণ-উৎপাদ সহগ ঘোষণা (মূসক- ৪.৩) দাখিল না করলে কোন পণ্য বাজারজাতকরণ করা যাবে না, এরূপ কোন নির্দেশনা নেই বিধায় উক্ত তর্কিত আদেশটি বাতিলযোগ্য।

১৬. অতএব, নিবেদন এই যে, পক্ষগণকে শুনানী অস্ত্রে কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর কর্তৃক আপীলকারীর উৎপাদিত পণ্যের সংশোধিত উপকরণ-উৎপাদ

সহগ ঘোষণা (মূসক-৪.৩) দাখিল সংক্রান্ত বিগত ৩-১১-২০২১ খ্রিস্টাব্দের প্রদত্ত আদেশ; যাহার নথি নং- ০৮.০১.০০০০.০১৬.০৩২.০১৮.২০২১/২৬২৭ (সংযুক্তি-এ) মূলে প্রদত্ত আদেশটি বে-আইনী ও এখতিয়ার বহির্ভূত ঘোষণা দিতে এবং আপীলটি মঞ্জুর মর্মে আদেশ প্রদানে;

(২) আপীলটি বিজ্ঞ ট্রাইবুনালে বিচারাধীন থাকাবস্থায় কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর এর ৩-১১-২০২১ খ্রিস্টাব্দের প্রদত্ত আদেশ; যাহার নথি নং-০৮. ০১.০০০০.০১৬. ০৩২. ০১৮.২০২১/২৬২৭ (সংযুক্তি-এ) এর কার্যকারিতা স্থগিতের জন্য অন্তর্বর্তিকালীন আদেশ প্রদানে;

(৩) অন্যান্য প্রতিকার যাহা আপীলকারী আইনতঃ পাইতে হকদার তা পাওয়ার। এবং তজ্জন্য আপীলকারী হজুর আদালতে চির কৃতজ্ঞ থাকিবে।

রেসপনডেন্ট পরে বক্তব্য

১৭. রেসপনডেন্ট পক্ষের বিজ্ঞ প্রতিনিধি শুনানীকালে এবং দাখিলকৃত দফাওয়ারী জবাবে আবেদন করেন যে, রেসপনডেন্ট দপ্তর কর্তৃক প্রতিষ্ঠান প্রতিনিধিগণের সাথে একাধিকবার শুনানী/আলোচনা করা হয়েছে তবে তাদের বক্তব্যসমূহ আমলে নেয়ার কোন আইনি ভিত্তি উপস্থাপন করতে আপিলকারী ব্যর্থ হয়েছে। যার ফলে মূল্য সংযোজন কর ও সম্পূরক গুচ্ছ (ন্যায্য বাজার মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০১৯ যথাযথভাবে পরিপালন করে, সমজাতীয় প্রতিষ্ঠানের সাথে তুলনামূলক পদ্ধতি (Comparative Method) প্রয়োগ করে ও মূল্য সংযোজন কর ও সম্পূরক গুচ্ছ (ন্যায্য বাজার মূল্য) বিধিমালা, ২০১৯ এর বিধি ৫ এর অবরোধী-আরোহী পদ্ধতিতে হিসাব করে রেসপনডেন্ট তর্কিত পত্রটি জারী করা হয়েছে যা যথাযথ ও আইনানুগ রয়েছে বিধায় আপিলকারীর আপিল আবেদন বাতিলযোগ্য।

১৮. শুধুমাত্র আপিলকারীর ফ্যাক্টরী থেকে উৎপাদিত পণ্যের উপকরণ-উৎপাদ সহগ (মূসক ৪.৩) বিশ্লেষণ করা হয়েছে এমন বক্তব্য সঠিক নয়। রেসপনডেন্ট কর্তৃক প্রতিষ্ঠানের বিক্রয়কেন্দ্র হতে সংগৃহীত চালান, প্রতিষ্ঠানের ব্যাখ্যা ও শুনানীতে উপস্থাপিত লিখিত জবাব বিশ্লেষণপূর্বক সংশোধিত উপকরণ-উৎপাদ সহগ (মূসক ৪.৩) দাখিলের নির্দেশ প্রদান করা হয়েছে। অতএব, রেসপনডেন্ট যথাযথ আইনানুগ পদ্ধতি অবলম্বন করেই জারী করা হয়েছে। ফলে আপিলকারীর আপিল আবেদন বাতিলযোগ্য।

১৯. রেসপনডেন্ট কর্তৃক মূল্য সংযোজন কর ও সম্পূরক গুণক (ন্যায্য বাজার মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০১৯ এর বিধি-৩(২) এর বিধান মতে বিধি ৪ হতে ৮ পর্যন্ত ধারাবাহিকতা অনুসরণ করা হয়েছে। রেসপনডেন্ট কর্তৃক গুরুত্রে বিধি-০৪ প্রয়োগ হয়েছে অর্থাৎ 'ন্যায্য বাজার মূল্য নির্ধারণের তুলনামূলক পদ্ধতি (Comparative Method)' অবলম্বন করা হয়েছে। উল্লেখ্য, সমজাতীয় প্রতিষ্ঠানের (ওয়ালটন হাইটেক ইন্ডা: লি:) সরবরাহ মূল্যের সাথে আপিলকারী প্রতিষ্ঠানের মূল্যের হিসাব করা হয়েছে। ফলে রেসপনডেন্ট তর্কিত পত্রটি যথাযথ ও আইনানুগ রয়েছে বিধায় আপিলকারীর আপিল আবেদন বাতিলযোগ্য।

২০. আপিলকারীর বক্তব্যটি সঠিক নয়। কমিটি গঠন করার ব্যাপারে মূল্য সংযোজন কর ও সম্পূরক গুণক (ন্যায্য বাজার মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০১৯ এর বিধি -০৪ এর মাধ্যমে কমিশনারকে এখতিয়ার প্রদান করা হয়েছে বাধ্যতামূলক করা হয়নি। অনুচ্ছেদ ৩০ এর ব্যাখ্যায় বিস্তারিত বর্ণিত হয়েছে। ফলে আপিলকারীর এরূপ অভিযোগ আইনানুগ নয় এবং আপিল আবেদন বাতিলযোগ্য।

২১. আপিলকারী 67 DLR (AD) Page-372 এ প্রকাশিত একটি মামলায় মহামন্য আপিল বিভাগের একটি নির্দেশনার উদ্ধৃতি প্রদান করেছে যেখানে বলা আছে "The Commiissioner may fix the price as per recommendation of base value review committee constituted by the Board." এখানে 'Will' ব্যবহৃত হয়নি বরং 'May' ব্যবহার করা হয়েছে। অর্থাৎ মূল্য সংযোজন কর ও সম্পূরক গুণক (ন্যায্য বাজার মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০১৯ এর বিধি -০৪ এর অনুরূপ মহামন্য আপিল বিভাগের নির্দেশনাতেও কমিটি গঠন করার বিষয়ে কমিশনারকে এখতিয়ার প্রদান করা হয়েছে; বাধ্যতামূলক করা হয়নি। এছাড়াও এ নির্দেশনার অপর অংশে বলা হয়েছে যে, "The VAT authority cannot fix the base value according to its sweet will..."। রেসপনডেন্ট কর্তৃক এখানে কোনভাবেই Sweet Will এর ভিত্তিতে মূল্য সংশোধনের আদেশ প্রদান করা হয়নি বরং মূল্য সংযোজন কর ও সম্পূরক গুণক (ন্যায্য বাজার মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০১৯ যথাযথভাবে পরিপালন করেই প্রতিষ্ঠানের দাখিলকৃত মূসক ৪.৩ সংশোধন করার নির্দেশনা প্রদান করা হয়েছে বিধায় আপিলকারীর আপিল আবেদন বাতিলযোগ্য।

২২. আপিলকারী কর্তৃক মূসক পরিহার করা হয়েছে মর্মে রেসপনডেন্ট কর্তৃক কোন অভিযোগ আনীত হয়নি। এরূপ প্রসঙ্গ উপস্থাপন অবাস্তব। পক্ষান্তরে, আবেদনকারী উৎপাদন স্তরে দাখিলকৃত মূসক ৪.৩ এ সংযোজন হিসেবে শুধুমাত্র ফ্যাক্টরিতে উৎপাদনের সাথে জড়িত শ্রমিক, কাঁচামাল পরিবহন, অবচয় (বিল্ডিং), এডমিনিস্ট্রেটিভ ও প্রডাকশন ওভারহেড অন্তর্ভুক্ত হওয়ার কথা উল্লেখ করেছে এবং খুচরা পর্যায়ে সংযোজিত মূল্যের মধ্যে বিজ্ঞাপন, পণ্য পরিবহন, অফিস ও বিক্রয়সহ অন্যান্য স্থাপনার ভাড়া, কর্মকর্তা-কর্মচারীদের বেতন ভাতা, ভ্রমণ, রিপেয়ার এন্ড মেইনটেইনেন্স, ফুয়েল এন্ড কার মেইনটেইনেন্সসহ যাবতীয় ব্যয় সংযোজন করার বিষয় উল্লেখ করেছেন। কিন্তু রেসপনডেন্ট দপ্তর কর্তৃক প্রতিষ্ঠানের দলিলাদি পরীক্ষান্তে দেখা গেছে যে, উপকরণ উৎপাদ সহগ ঘোষণা (মূসক ৪.৩) দাখিলের ক্ষেত্রে উৎপাদন স্তরে উল্লিখিত এ সকল সংযোজনের পরিমানের চেয়ে খুচরা স্তরে সংযোজন পরিমান অস্বাভাবিকভাবে বেশি। মূল্য সংযোজন কর ও সম্পূরক গুণক (ন্যায্য বাজার মূল্য) বিধিমালা, ২০১৯ এর বিধি ৫ এর অবরোহী -আরোহী পদ্ধতিতে হিসাব করে দেখা যায় যে, উৎপাদন স্তরে আলোচ্য পণ্যসমূহের জন্য দাখিলকৃত মূসক ৪.৩ এ প্রদর্শিত মূসক আরোপযোগ্য মূল্য খুচরা স্তরে (প্রতিষ্ঠানের বিক্রয়কেন্দ্র হতে সংগৃহীত চালান অনুযায়ী) দাখিলকৃত মূসক ৪.৩ এ প্রদর্শিত মূসক আরোপযোগ্য মূল্যের তুলনায় অনেক কম। এমনকি সমজাতীয় প্রতিষ্ঠানের (ওয়ালটন হাইটেক ইন্ডা: লি:) উক্ত পণ্যসমূহের ক্ষেত্রে উৎপাদন ও খুচরা স্তরের মূসক ৪.৩ তুলনামূলক বিশ্লেষণ করে দেখা যায় যে, উৎপাদন স্তরে আপিলকারী প্রতিষ্ঠানের উপকরণ-উৎপাদ সহগ ঘোষণায় সংযোজনের হার অনেক কম। অর্থাৎ আইনী সকল বিধিবিধান পরিপালন করেই রেসপনডেন্ট কর্তৃক সংশোধিত উপকরণ-উৎপাদ সহগ (মূসক-৪.৩) অনুযায়ী মূল্য সংযোজনের আদেশ প্রদান করেছেন। অতএব, আপিলকারীর আপিল আবেদনে উপস্থাপিত হেতুসমূহ বেআইনী ও বাতিলযোগ্য।

২৩. উপকরণ-উৎপাদ সহগ ঘোষণা সংক্রান্ত মূল্য সংযোজন কর ও সম্পূরক গুণক বিধিমালা, ২০১৬ এর বিধি ২১ নিম্নরূপ:

"..কোন নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তিতে পণ্য উৎপাদন বা সরবরাহের পূর্বে ফরম "মূসক-৪.৩" এ বিভাগীয় কর্মকর্তার নিকট একটি উপকরণ-উৎপাদ সহগ (Input Output Coefficient) দাখিল করিতে

হইবে..." সে অনুযায়ী কোন উৎপাদন বা সরবরাহের পূর্বে মূসক ৪.৩ ঘোষণা দাখিলের বাধ্যবাধকতা রয়েছে। পূর্বের আইনে অর্থাৎ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ অনুযায়ী মূল্য ভিত্তি সহগ ঘোষণা অনুমোদনের বাধ্যবাধকতা থাকলেও বর্তমান আইনে অনুমোদন গ্রহণের আবশ্যিকতা নেই। তবে বিভাগীয় কর্মকর্তা কর্তৃক ১৫ কার্যদিবসের মধ্যে সুপারিশসহ কমিশনারের নিকট প্রেরণ করতে হয়। তবে কমিশনার যদি মনে করেন যে সহগ ঘোষণার কোনো তথ্য গড়মিল আছে অথবা মূল্য বা অপচয়ের পরিমাণ সঠিক নয় সেক্ষেত্রে কমিশনার উক্ত ব্যক্তিকে শুনানীর মাধ্যমে সহগে প্রয়োজনীয় পরিবর্তন করার জন্য নির্দেশ প্রদান করতে পারে। যুক্তিসঙ্গত কারণে এরূপ নির্দেশ দেয়া হলে সে মোতাবেক অবশ্যই সহগে প্রয়োজনীয় পরিবর্তন সাধন করে পুনরায় সহগ ঘোষণা করতে বাধ্য হবে।

২৪. আপিলকারী পুনরায় তর্কিত আদেশে রদ রহিতের প্রার্থনা করেছেন। তার এ দাবীর কোন আইনগত ভিত্তি নাই যা পূর্বেই উল্লেখ করা হয়েছে। এমনকি রেসপনডেন্ট কর্তৃক আদেশ জারীকালে কোন বিধিবিধান লঙ্ঘন করা হয়েছে কিনা বা এতে ন্যায় বিচারের পরিপন্থী কোন উপাদান আছে কিনা তা উল্লেখ করতে পারেননি। এতে সম্পূর্ণ দাবী যে সঠিক ও আইনানুগ তা প্রমাণিত হয়েছে। আইন অনুসারে প্রতিষ্ঠানকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেয়া হয়েছে। সার্বিক বিষয় পর্যালোচনায় প্রতীয়মান যে, আপিলকারী তার বক্তব্যে ও ব্যাখ্যায় রেসপনডেন্ট এর বিধি সম্মত আদেশ জারী কালে ন্যায় বিচারের পরিপন্থী কোন আইন বা বিধির উল্লেখ করতে পারেননি বা তা প্রতিষ্ঠিতও হয়নি।

২৫. সুতরাং যথাযথ রাজস্ব আহরণ ও ন্যায় বিচার প্রতিষ্ঠার স্বার্থে আপিল আবেদনটি খারিজ করার জন্য আবেদন জানানো হলো।

পর্যালোচনা ও সিদ্ধান্ত

২৬. উভয় পক্ষের বিজ্ঞ প্রতিনিধির বক্তব্য, দাখিলকৃত মামলা সংশ্লিষ্ট কাগজাদি এবং নথিতে রক্ষিত দলিলাদি পাঠ ও বিশ্লেষণ করে দেখা যায় যে, সিঙ্গার বাংলাদেশ লিমিটেড কর্তৃক ১৩-৬-২০২১ খ্রিঃ তারিখে দাখিলকৃত ৩টি মডেলের (SLE32E3AHDTV, SLE32E3AWSTV, SLE40E3-AFHTV) টেলিভিশনের উপকরণ-উৎপাদ সহগ ঘোষণায়

(মূসক-৪.৩) মূল্য সংযোজনের পরিমাণ ও হার কম হওয়ার বিষয়ে ভ্যাট দপ্তর কর্তৃক পত্রের মাধ্যমে শুনানীতে আহ্বান করেন। বিগত ১৬-৮-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত শুনানীতে আপীলকারী প্রতিষ্ঠান প্রতিনিধি উপস্থিত হয়ে লিখিত ব্যাখ্যা প্রদান করেন। আপীলকারী প্রতিষ্ঠান প্রতিনিধির শুনানীতে প্রদত্ত বক্তব্য, লিখিত জবাব এবং ভ্যাট দপ্তরের শুনানীতে উপস্থিত কর্মকর্তাবৃন্দের প্রদত্ত বক্তব্য বিশদ পর্যালোচনা করে সিঙ্গার বাংলাদেশ লিঃ এর উৎপাদন পর্যায়ে মূল্য সংযোজনের পরিমাণের তুলনায় খুচরা পর্যায়ে অস্বাভাবিক বেশি মূল্য সংযোজনের কারণ কোন যৌক্তিক প্রমাণকের মাধ্যমে আপীলকারী প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত করতে পারেননি। এ কারণে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (ন্যায্য বাজার মূল্য) বিধিমালা, ২০১৯ এর বিধি ৫ এর অবরোহী-আরোহী পদ্ধতি অনুযায়ী প্রাপ্ত মূল্য সংযোজন ভ্যাট দপ্তরে দাখিলকৃত উপকরণ-উৎপাদ সহগ ঘোষণা (মূসক-৪.৩) তে অন্তর্ভুক্ত করে শুনানী পরবর্তী দাখিলকৃত ৩টি মডেলের টেলিভিশনের সংশোধিত উপকরণ-উৎপাদ সহগ ঘোষণা (মূসক-৪.৩) দাখিলের জন্য আপীলকারী প্রতিষ্ঠান বরাবর পত্র প্রেরণ করেন। আপীলকারী প্রতিষ্ঠান ভ্যাট দপ্তরকে লিখিতভাবে জানিয়েছেন যে, নির্ধারিত ন্যায্য বাজার মূল্যটি আপনাদের সর্বশেষ ভোক্তা কর্তৃক প্রদেয় মূল্য এবং সিঙ্গার বাংলাদেশ লিঃ এর বিন ০০১৯১৬৫০৪-০২০২ এর মাধ্যমে প্রদত্ত সর্বশেষ সরবরাহ মূল্য। কিন্তু প্রকৃতপক্ষে ভ্যাট দপ্তর কর্তৃক নির্ধারিত ন্যায্য বাজার মূল্য অনুযায়ী ভ্যাট দপ্তরে সিঙ্গার বাংলাদেশ লিঃ এর বিন ০০০০০০৭৮৭-০০০৪ এর মাধ্যমে ৩টি মডেলের টেলিভিশনের সরবরাহ ও বাজারজাত এবং উক্ত পণ্যের সংশোধিত উপকরণ-উৎপাদ সহগ (মূসক-৪.৩) দাখিল করতে হবে যা আপীলকারীকে পত্রের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়েছে। কিন্তু আপীলকারী প্রতিষ্ঠান উক্ত নির্দেশনা পরিপালন করেনি। বিগত ০৭-৬-২০২১ খ্রিঃ এবং ২৩-৮-২০২১ খ্রিঃ তারিখে সিঙ্গার বাংলাদেশ লিঃ এর ব্যবসায়িক কার্যক্রম মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও তদধীন প্রণীত বিধি-বিধান অনুযায়ী পরিচালনাকরণ বিষয়ে ভ্যাট দপ্তরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বৃহৎ করদাতা ইউনিট, মূসক এর আওতায় আপনার প্রতিষ্ঠানের মূসক সংক্রান্ত সকল কার্যক্রম পরিচালনার জন্য মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও তদধীন প্রণীত বিধি-বিধান অনুযায়ী পরিচালনাকরণ বিষয়ে Flow Chart সহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করে গত ১৩-১০-২০২১ খ্রিঃ তারিখে ভ্যাট দপ্তর হতে পত্র প্রেরণ করা হয়। কিন্তু আপীলকারী প্রতিষ্ঠান

হতে ব্যবসায় পরিচালনা সংক্রান্ত বিষয়ের গৃহীত কার্যক্রম ভ্যাট দণ্ডরকে অবগত করা হয় নাই যা অনাকাঙ্ক্ষিত ও অনভিপ্রেত এবং আপনার প্রতিষ্ঠানের মতো বহুজাতিক কোম্পানির নিকট হতে কাম্য নয়। এমতাবস্থায়, বিগত ১৩-৬-২০২১ খ্রিঃ তারিখে দাখিলকৃত ৩টি মডেলের (SLE32E3-AHDTV, SLE32E3AWSTV, SLE40E3AFHTV) টেলিভিশনের উপকরণ-উৎপাদ সহগ ঘোষণা (মূসক-৪.৩) ভ্যাট দণ্ডর কর্তৃক গ্রহণ করা হল না। আপীলকারী প্রতিষ্ঠানের ব্যবসায়িক কর্মকাণ্ড পত্র অনুযায়ী পরিচালনা করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক আইনানুগভাবে গ্রহণযোগ্য উপকরণ-উৎপাদ সহগ ঘোষণা (মূসক-৪.৩) দাখিল করার জন্য বলা হয়। একইসাথে নির্দেশনা অনুযায়ী মূসক-৪.৩ দাখিল না করা পর্যন্ত আপীলকারী প্রতিষ্ঠানকে উক্ত ৩টি পণ্য বাজারজাত না করার জন্য নির্দেশনা প্রদান করেন। এর ব্যত্যয় হলে পরবর্তী আইনানুগ কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে আদেশ প্রদান করেন, যার ফলে এ আপিল মামলার উদ্ভব।

২৭. আপীলাত ট্রাইব্যুনাল নথি পর্যালোচনায় দেখতে পায় যে, শুধুমাত্র আপিলকারীর ফ্যাক্টরী থেকে উৎপাদিত পণ্যের উপকরণ-উৎপাদ সহগ (মূসক ৪.৩) বিশ্লেষণ করা হয়েছে এমন বক্তব্য সঠিক নয়। রেসপনডেন্ট কর্তৃক প্রতিষ্ঠানের বিক্রয়কেন্দ্র হতে সংগৃহীত চালান, প্রতিষ্ঠানের ব্যাখ্যা ও শুনানীতে উপস্থাপিত লিখিত জবাব বিশ্লেষণপূর্বক সংশোধিত উপকরণ-উৎপাদ সহগ (মূসক ৪.৩) দাখিলের নির্দেশ প্রদান করা হয়েছে। অতএব, রেসপনডেন্ট যথাযথ আইনানুগ পদ্ধতি অবলম্বন করেই জারী করা হয়েছে।

২৮. রেসপনডেন্ট কর্তৃক মূল্য সংযোজন কর ও সম্পূরক গুণক (ন্যায্য বাজার মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০১৯ এর বিধি-৩(২) এর বিধান মতে বিধি ৪ হতে ৮ পর্যন্ত ধারাবাহিকতা অনুসরণ করা হয়েছে। রেসপনডেন্ট কর্তৃক শুরুতে বিধি-০৪ প্রয়োগ হয়েছে অর্থাৎ 'ন্যায্য বাজার মূল্য নির্ধারণের তুলনামূলক পদ্ধতি (Comparative Method) অবলম্বন করা হয়েছে। উল্লেখ্য, সমজাতীয় প্রতিষ্ঠানের (ওয়ালটন হাইটেক ইন্ডা: লি:) সরবরাহ মূল্যের সাথে আপিলকারী প্রতিষ্ঠানের মূল্যের হিসাব করা হয়েছে। ফলে রেসপনডেন্ট তর্কিত পত্রটি যথাযথ ও আইনানুগ রয়েছে।

২৯. আপিলকারী 67 DLR (AD) Page-372 এ প্রকাশিত একটি মামলায় মহামান্য আপিল বিভাগের একটি নির্দেশনার উদ্ধৃতি প্রদান করেছে যেখানে বলা আছে "The

Commiissioner may fix the price as per recommendation of base value review committee constituted by the Board." এখানে 'Will' ব্যবহৃত হয়নি বরং 'May' ব্যবহার করা হয়েছে। অর্থাৎ মূল্য সংযোজন কর ও সম্পূরক গুণক (ন্যায্য বাজার মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০১৯ এর বিধি-০৪ এর অনুরূপ মহামান্য আপিল বিভাগের নির্দেশনাতেও কমিটি গঠন করার বিষয়ে কমিশনারকে এখতিয়ার প্রদান করা হয়েছে; বাধ্যতামূলক করা হয়নি। এছাড়াও এ নির্দেশনার অপর অংশে বলা হয়েছে যে, "The VAT authority cannot fix the base value according to its sweet will..."। রেসপনডেন্ট কর্তৃক এখানে কোনভাবেই Sweet Will এর ভিত্তিতে মূল্য সংশোধনের আদেশ প্রদান করা হয়নি বরং মূল্য সংযোজন কর ও সম্পূরক গুণক (ন্যায্য বাজার মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০১৯ যথাযথভাবে পরিপালন করেই প্রতিষ্ঠানের দাখিলকৃত মূসক ৪.৩ সংশোধন করার নির্দেশনা প্রদান করা হয়েছে।

৩০. আপিলকারী কর্তৃক মূসক পরিহার করা হয়েছে মর্মে রেসপনডেন্ট কর্তৃক কোন অভিযোগ আনীত হয়নি। এরূপ প্রসঙ্গ উপস্থাপন অবান্তর। পক্ষান্তরে, আবেদনকারী উৎপাদন স্তরে দাখিলকৃত মূসক ৪.৩ এ সংযোজন হিসেবে শুধুমাত্র ফ্যাক্টরিতে উৎপাদনের সাথে জড়িত শ্রমিক, কাঁচামাল পরিবহন, অবচয় (বিল্ডিং), এডমিনিস্ট্রিটিভ ও প্রডাকশন ওভারহেড অন্তর্ভুক্ত হওয়ার কথা উল্লেখ করেছে এবং খুচরা পর্যায়ে সংযোজিত মূল্যের মধ্যে বিজ্ঞাপন, পণ্য পরিবহন, অফিস ও বিক্রয়সহ অন্যান্য স্থাপনার ভাড়া, কর্মকর্তা-কর্মচারীদের বেতন ভাতা, ভ্রমণ, রিপেয়ার এন্ড মেইনটেইনেন্স, ফ্যুয়েল এন্ড কার মেইনটেনেন্সসহ যাবতীয় ব্যয় সংযোজন করার বিষয় উল্লেখ করেছেন। কিন্তু রেসপনডেন্ট দণ্ডর কর্তৃক প্রতিষ্ঠানের দলিলাদি পরীক্ষান্তে দেখা গেছে যে, উপকরণ উৎপাদ সহগ ঘোষণা (মূসক ৪.৩) দাখিলের ক্ষেত্রে উৎপাদন স্তরে উল্লিখিত এ সকল সংযোজনের পরিমানের চেয়ে খুচরা স্তরে সংযোজন পরিমান অস্বাভাবিকভাবে বেশি। মূল্য সংযোজন কর ও সম্পূরক গুণক (ন্যায্য বাজার মূল্য) বিধিমালা, ২০১৯ এর বিধি ৫ এর অবরোধী-আরোধী পদ্ধতিতে হিসাব করে দেখা যায় যে, উৎপাদন স্তরে আলোচ্য পণ্যসমূহের জন্য দাখিলকৃত মূসক ৪.৩ এ প্রদর্শিত মূসক আরোপযোগ্য মূল্য খুচরা স্তরে (প্রতিষ্ঠানের বিক্রয়কেন্দ্র) হতে সংগৃহীত চালান অনুযায়ী দাখিলকৃত মূসক ৪.৩ এ প্রদর্শিত মূসক আরোপযোগ্য

